


ডাকসুতে ভিপি পদে লড়ছেন নিষিদ্ধ ছাত্রলীগ নেতা

অনলাইন ডেক্স



সুমিত সেন। সংগ্রহীত ছবি

জুলাই গণ-অভ্যর্থনে ছাত্র-জনতার আন্দোলনের বিপক্ষে অবস্থান

নেওয়া, শহীদ আবু সাঈদকে নিয়ে কটুক্তি করা এবং ধানমণ্ডিতে

নির্যাতনের শিকার শিক্ষার্থীদের ওপর ছাত্রলীগকে উসকে দেওয়া

নিষিদ্ধ ছাত্রলীগ নেতা সুমিত সেন ডাকসুতে ভিপি পদে নির্বাচন

করছেন।

গত বুধবার গিটার বাজিয়ে নিজের মনোনয়নপত্র জমা দেন নিষিদ্ধ

ছাত্রলীগের ঢাকা বিশ্ববিদ্যালয় শাখার চারুকলা অনুষদের কর্মসূচি

ও পরিকল্পনা বিষয়ক সম্পাদক সুমিত সেন।

জানা যায়, ২০২৪ সালে শিক্ষার্থীদের আন্দোলন চলাকালে

পুলিশের গুলিতে শহীদ হওয়া বেগম রোকেয়া বিশ্ববিদ্যালয়ের

ইংরেজি বিভাগের শিক্ষার্থী আবু সাঈদকে নিয়ে আপত্তিকর মন্তব্য

করেছিলেন সুমিত সেন। শহীদ আবু সাঈদকে নিয়ে দেওয়া একটি

ফেসবুক পোষ্টের মন্তব্যে তিনি লিখেছিলেন, ‘এই ছেলেটার দোষ
হচ্ছে সে খুবই বোকা/পড়ে গেছে মেধাবীদের ফান্ডে/খেয়ে গেছে
জন্মের তরে ধোঁকা/ মা-বাবা এখন তার জন্যে কান্দে।

বাকি স্বার্থসিদ্ধির জন্য কান্দে মায়া কান্না/তার শোকে আটকে আছে
কোন হাঁড়ির রান্না?’

আন্দোলন চলাকালে ধানমণির একটি হাসপাতালে আটকা
পড়েছিলেন কয়েকজন শিক্ষার্থী। সা হা রা নামের একটি ফেসবুক
আইডি থেকে ওই আটকা পড়ার তথ্য জানিয়ে একটি পোস্ট দেওয়া
হলে সেই পোস্টটি শেয়ার করে ছাত্রলীগ নেতা সুমিত লিখেছিলেন,
‘ধানমণি থানা ছাত্রলীগ ওয়াশরঙ্গে দেখ তো ব্যাপারটা সাহায্য
করা যায় কি না! ’

খোঁজ নিয়ে জানা যায়, ২০২৪ সালে ছাত্র-জনতার আন্দোলন
চলাকালে সুমিতের ফেসবুক আইডির প্রফাইলে ছাত্রলীগের
লোগো ছিল। তিনি নিয়মিত আন্দোলনের বিরোধিতা ও
ছাত্রলীগকে উসকে দিয়ে ফেসবুকে নানা পোস্ট দিতেন। ৫ আগস্ট
সরকার পতনের পর সুমিত তার ফেসবুকের সব পোস্ট মুছে দেন।

সুমিতের ফেসবুকে গত বছরের আগস্টের পর আর কোনো পোস্ট
দেখা যায়নি। এক বছরের বেশি সময় পরে গত বুধবার একটি
পোস্ট দিয়ে তিনি নিজের ভিপি পদে নির্বাচন করার কথা জানান।

এদিকে ছাত্রলীগ নেতা সুমিতের ভিপি প্রার্থী হওয়ায় অবাক
হয়েছেন ঢাকা বিশ্ববিদ্যালয়ের চারকলা অনুষদের শিক্ষার্থী।

মোহাম্মদ আলী রনি নামের এক শিক্ষার্থী বলেন, ‘শহীদ আবু
সাইদকে নিয়ে ঠাট্টা করা, আন্দোলনকারীদের ওপর ছাত্রলীগকে
লেলিয়ে দেওয়া, আন্দোলনকারীদের সন্ত্রাসী আখ্যা দেওয়া
ছাত্রলীগ নেতা সুমিত ভিপি পদে নির্বাচন করছেন।

ছাত্রলীগ-সংশ্লিষ্টতার বিষয়টি অবগত থেকে বিশ্ববিদ্যালয় প্রশাসন
তাকে নির্বাচন করার সুযোগ দিচ্ছে। এতে অবাক হয়েছি। আরো
অবাক হয়েছি ছাত্রদল, ছাত্রশিবির, বাগচাস বা অন্য কেউ এর
প্রতিবাদ জানায়নি। আমরা তার মনোনয়ন বাতিলের দাবি
জানাই।’

সম্প্রতি একটি সংবাদমাধ্যমকে দেওয়া এক সাক্ষাৎকারে সুমিত
সেন বলেন, ‘আমি এখন ছাত্রলীগের সঙ্গে জড়িত নই।

নিষিদ্ধ সংগঠনের সঙ্গে যুক্ত থাকার প্রশ্নই উঠে না। ছাত্রলীগে আমি
যুক্ত ছিলাম। ৫ আগস্টের পূর্ববর্তী আন্দোলনে আমি যুক্ত ছিলাম
না। প্রতিপক্ষের পেছনে লেগে থাকার যে প্রবণতা, সেটা আমার
ক্ষেত্রে হয়ে থাকতে পারে।’

